গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd
----

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৫.০০.০০০০.০২৭.২৩.০০৬.২৪.৫১০

**প্রজ্ঞাপন**

জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২৩ প্রদানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী ২০২৩ পঞ্জিকা বছরে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র মূল্যায়নপূর্বক পুরস্কারপ্রাপকদের নাম সুপারিশ করার জন্য নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন করা হলো:

| ক্রম | নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা | সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা | সদস্য |
| ৪. | চলচ্চিত্র অধিশাখা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | ড. মতিন রহমান, সহযোগী অধ্যাপক ওবিভাগীয় প্রধান<br>ফিল্ম ও মিডিয়া বিভাগ, স্ট্যাম্পফোর্ড বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৬. | জনাব বদরুল আনাম সৌদ, বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক | সদস্য |
| ৭. | জনাব মিল্টন খন্দকার, বিশিষ্ট সংগীত পরিচালক | সদস্য |
| ৮. | জনাব আব্দুল লতিফ বাচ্চু,বিশিষ্ট চিত্রগ্রাহক | সদস্য |
| ৯. | জনাব খায়রুল আলম সবুজ, বিশিষ্ট অভিনেতা | সদস্য |
| ১০. | মিস অঞ্জনা সুলতানা, বিশিষ্ট অভিনেত্রী | সদস্য |
| ১১. | জনাব শুভ্র দেব, বিশিষ্ট গায়ক | সদস্য |
| ১২. | জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, বিশিষ্ট সাংবাদিক | সদস্য |
| ১৩. | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা | সদস্য সচিব |

০২। **জুরি বোর্ডের কার্যপরিধি:**

২.১ জুরি বোর্ড ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র পর্যবেক্ষণপূর্বক পুরস্কারের জন্য চলচ্চিত্র,শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

২.২ জুরি বোর্ড গঠনের পর বোর্ড পুরস্কারের জন্য চলচ্চিত্র আহবান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ে র মধ্যে পুরস্কারের বিবেচনার নিমিত্ত চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

২.৩ চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সে সব স্ক্রিনিং,পরীক্ষা,পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়নপূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

২.৪ আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে ;

২.৫ কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

২.৬ জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশ প্রদান করবে;

২.৭ জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

২.৮ উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

২.৯ জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ড গঠন সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।

০৩। **নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে:**

| ক্রম | পুরস্কারের ক্ষেত্র | ক্রম | পুরস্কারের ক্ষেত্র |
|---|---|---|---|
| ০১ | আজীবন সম্মাননা | ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক |
| ০২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র | ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ০৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ১৭ | শ্রেষ্ঠ গায়িকা |
| ০৪ | শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র | ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ০৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | ১৯ | শ্রেষ্ঠ সুরকার |
| ০৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে | ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ০৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার |
| ০৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে | ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ০৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক |
| ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে | ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক |
| ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী | ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ১৩ | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা |
| ১৪ | শ্রেষ্ঠ সংগীত পরিচালক | ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

০৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তাঁর পরিবারের কোনো সদস্যের নাম এই বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না।

০৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড আগামী ০২ (দুই) মাসের মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

০৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০২-০৬-২০২৪
মোঃ সাইফুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব )
+৮৮০২৫৫১০০৭০৭
film1@moi.gov.bd

**নম্বর:** ১৫.০০.০০০০.০২৭.২৩.০০৬.২৪.৫১০/১ (১১)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, চলচ্চিত্র অনুবিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;
২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন;
৩। প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর;
৪। জুরি বোর্ডের সদস্য (সকল).......................................................................................................;
৫। চলচ্চিত্র অধিশাখা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড;
৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);

৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ);

৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং

১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

০২-০৬-২০২৪
মোঃ সাইফুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব )